সংবাদ

তারিখ 07 OCT 2002
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ঢা.বি উপাচার্যের কাছে ছাত্রলীগের ৪ দফা বাস্তবায়নের দাবি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ নেতা-কর্মীদের নামে বরাদ্দকৃত সিট বুঝিয়ে দেয়া, হয়রানিমুক্ত শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করাসহ ৪ দফা বাস্তবায়নের দাবিতে ছাত্রলীগ রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের কাছে স্মারকলিপি দিয়েছে। অন্যদিকে নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীরা তাদের ৭ দফার পূর্ণ বাস্তবায়নের দাবিতে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে।

ক্ষমতাসীন জোট সরকারের বর্ষপূর্তি উপলক্ষে ছাত্রদল ক্যাম্পাসে মিছিলশেষে কলাভবনের সামনে বটতলায় সমাবেশ করে।

দুপুর সাড়ে ১২টায় ছাত্রলীগ নেতৃবৃন্দ মধুর ক্যান্টিন থেকে মিছিলসহকারে প্রশাসনিক ভবনে গিয়ে উপাচার্য অধ্যাপক এস.এম.এ ফায়েজের কাছে স্মারকলিপি পেশ করে। ছাত্রলীগ কেন্দ্রীয় সহ-সভাপতি বলরাম পোদ্দার, ইকবাল হোসেন, ঢা.বি সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দিন হিমু, আবু সাঈদের নেতৃত্বে প্রতিনিধি দলটি স্মারকলিপি পেশ করে উপাচার্যের সঙ্গে তাদের দাবি নিয়ে আলোচনা করে। উপাচার্য তাদের দাবি বাস্তবায়নের আশ্বাস দেন।